

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শৃঙ্খলা বিষয়ক শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.shed.gov.bd

নম্বর- ৩৭.০০.০০০০.৯৫.২৭.০২.২০২২. ০২

তারিখ: ২৩ মার্চ ১৪৩০ বঙ্গাব্দ
২৫ জানুয়ারি ২০২৪ খ্রি.

প্রজ্ঞাপন


যেহেতু, জনাব এ.আই.এম শরীফ হোসেন, সহযোগী অধ্যাপক (অর্থনীতি), সরকারি মাইকেল মধুসূদন কলেজ, যশোর প্রবাসী মা ও বোনের সাথে সাক্ষাতের উদ্দেশ্যে ১১/০১/২০১৯ তারিখ হতে ০৮/০৪/২০১৯ তারিখ পর্যন্ত ৮৮ (আটটিশ) দিন অর্ধগড় বেতনে অর্জিত ছুটি নিয়ে মার্কিন যুক্তরাষ্ট্রের উদ্দেশ্যে কর্মস্থল ত্যাগ করেন। উক্ত ছুটির মেয়াদ শেষ হওয়া সত্ত্বেও অদ্যাবধি বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী “অসদাচরণ” ও “পলায়ন” এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। তবে তিনি উক্ত কারণ দর্শানোর নোটিশের জবাব প্রদান করেননি। পরবর্তীতে বিধি অনুযায়ী তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) অনুযায়ী “অসদাচরণ” ও “পলায়ন” এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়। তদপেক্ষিতে তাঁকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। তিনি উক্ত নোটিশের জবাব দাখিল করে শুনানির জন্য আবেদন করেন। তাঁর আবেদনের প্রেক্ষিতে ০৮/০৮/২০২৩ তারিখে শুনানির দিন ধার্য করা হয়। কিন্তু তিনি উক্ত তারিখে শুনানিতে হাজির হননি;

যেহেতু, জনাব এ.আই.এম শরীফ হোসেন, সহযোগী অধ্যাপক (অর্থনীতি), সরকারি মাইকেল মধুসূদন কলেজ, যশোর এর আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনান্তে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩) বিধি অনুযায়ী গুরুদণ্ড আরোপপূর্বক একই বিধিমালার ৪(৩)(ঘ) মোতাবেক ‘চাকরি হতে বরখাস্ত (Dismissal from Service)’ করার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের সাথে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন একমত পোষণ করে এবং মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

সেহেতু, জনাব এ.আই.এম শরীফ হোসেন, সহযোগী অধ্যাপক (অর্থনীতি), সরকারি মাইকেল মধুসূদন কলেজ, যশোর-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩) বিধি অনুযায়ী গুরুদণ্ড আরোপপূর্বক একই বিধিমালার ৪(৩)(ঘ) মোতাবেক ‘চাকরি হতে বরখাস্ত (Dismissal from Service)’ করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


২৫/০১/২৪
(সোলেমান খান)


সচিব

নম্বর- ৩৭.০০.০০০০.৯৫.২৭.০২.২০২২.

তারিখ: ১৪৩০ বঙ্গাব্দ
২০২৪ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব এ.আই.এম শরীফ হোসেন এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
৩. মাননীয় শিক্ষামন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
৬. অধ্যক্ষ, সরকারি মাইকেল মধুসূদন কলেজ, যশোর।
৭. সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা -----।
৯. জনাব এ.আই.এম শরীফ হোসেন, সহযোগী অধ্যাপক (অর্থনীতি), সরকারি মাইকেল মধুসূদন কলেজ, যশোর।


(মো: শাহীনুর ইসলাম)
উপসচিব